দৈনিক বাংলা

তারিখ 25 AUG 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

56

# চট্টগ্রাম ভার্সিটিতে ক্লাস শুরু : পরিস্থিতি নাজুক

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ২৪শে আগস্ট।–চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এখন মূলতঃ বহিরাগতদের দখলে। ইসলামী ছাত্র শিবিরের সমর্থক ও বিভিন্ন জেলা থেকে আগত বহিরাগতরা এখন কয়েকটি হলে অবস্থান করছে। ফলে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি এখনও নাজুক।

(৪–এর পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

## পরিস্থিতি নাজুক

(প্রথম পৃষ্ঠার পর)

এদিকে গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডঃ এনামুল হককে শিবির সমর্থিত কতিপয় ছাত্র অপমান করার ফলে শিক্ষকদের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের এ অবনতিশীল পরিণতিতে সম্মিলিত ছাত্র ঐক্য পরিষদ তেমন কোন ভূমিকাই পালন করতে পারছে না। শহরের কেন্দ্রস্থলে তারা মাঝে মাঝে সভা করে। অপরদিকে ইসলামী ছাত্র শিবির গত পাঁচদিন যাবৎ ব্যাপকভাবে বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট করার ফলে পুরো বিশ্ববিদ্যালয় অচল ছিল।

আজ পুনরায় বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হয়েছে। তবে উপস্থিতির হার ছিল কম। গোলযোগের আশংকায় অনেক শিক্ষক ক্লাসে আসেননি।

শিবিরের উদ্যোগে আজ বিক্ষোভ মিছিল ও সমাবেশ হয়। সমাবেশে শিবির নেতারা ভিসিকে ক্ষমতায় রেখে কোন সমস্যার সমাধান হবে না বলে সরকারের কাছে দাবী জানিয়েছেন।